গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আমিন বাজার ল্যান্ডফিলে "বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্লান্ট"-এর ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি<br>মাননীয় মন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৫ জুন, ২০২৩, বৃহস্পতিবার, সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | : | সভা কক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইব্রাহিম সভা শুরু করেন। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে স্থানীয় সরকার বিভাগ-এর উদ্যোগে দেশের সকল সিটি কর্পোরেশনে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। সচিব সভাকে অবহিত করেন যে, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের বিষয়টি মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগ। সরকারের বর্তমান মেয়াদে দায়িত্ব গ্রহণের পর মাননীয় মন্ত্রী বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ভারত, চীন, কোরিয়া, জাপান সফর করেন। এর আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিগ্রহণ করে দেশের সকল সিটি কর্পোরেশনে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা হয়। এ ধারাবাহিকতায় আগামী ২০ জুলাই ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি দেশের প্রথম বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্লান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এ পর্যায়ে তিনি মাননীয় মন্ত্রীকে তার সূচনা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

২। মাননীয় মন্ত্রী সভায় উপস্থিত মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগসহ অন্যান্য সকলকে স্বাগত জানান। মাননীয় মন্ত্রী বলেন যে, দেশের ক্রমবর্ধনশীল বর্জ্যকে সম্পদে পরিণত করার লক্ষ্যে তিনি সিটি কর্পোরেশনসমূহকে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা গ্রহণে নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম কিছুটা ব্যাহত হয়েছে। বর্তমানে এর কার্যক্রম দ্রুত গতিতে চলছে। এর ফলসরূপ দেশে প্রথমবারের মতো বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আমিন বাজার ল্যান্ডফিলে ইনসিনারেশন প্লান্ট স্থাপিত হতে যাচ্ছে। উক্ত প্লান্ট হতে দৈনিক ৩০০০ (তিন হাজার) টন বর্জ্য থেকে ৪২.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে যা জাতীয় গ্রিডে যুক্ত হবে। এর ফলে দেশের বিদ্যুতের চাহিদা মেটাতে কিছুটা হলেও আমরা সক্ষম হবো। পর্যায়ক্রমে দেশের সকল সিটি কর্পোরেশনে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বলেন যে, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নির্দেশনায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে আমিনবাজার ল্যান্ডফিলে বাংলাদেশে প্রথমবারের মতো ইনসিনারেশন প্লান্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। এক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করার জন্য তিনি মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং এ বিভাগের অন্যান্য কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন যে, আমিনবাজার ল্যান্ডফিলে ইনসিনারেশন প্লান্ট স্থাপন করা হলে উক্ত ল্যান্ডফিলের লাইফ তিনগুণ সময় বৃদ্ধি করা সম্ভব। এর ফলে ভূমির উপর চাপ কমানো সম্ভব হবে। তাছাড়া বায়ুতে মিথেন এবং কার্বন নি:সরণের পরিমাণ হ্রাস পাবে।

৪। মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বলেন যে, ঢাকা-শহরে উৎপাদিত বর্জ্য ডিসপোজালের জন্য প্রচুর জায়গার প্রয়োজন হয় এবং যত্রতত্র বর্জ্য ডাম্পিং করার ফলে পরিবেশ দূষিত হয়। সেক্ষেত্রে, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ফলে সরকারের ভর্তুকি কিছুটা বৃদ্ধি পেলেও পরিবেশ দূষণ কমবে এবং পরিবেশের সার্বিক উন্নয়ন হবে।

৫। সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ জানান, বাংলাদেশে প্রথমবারের মত বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি বাস্তবায়িত হলে পরিবেশ দূষণ প্রতিরোধসহ বর্জ্য ব্যবস্থাপনায় এক নতুন দিগন্তের সূচনা হবে।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। সার্বিক আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

<table>
<tr><th>ক্রমিক</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td>অনুষ্ঠানের ভেন্যু নির্বাচন ও অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির সংখ্যা নির্ধারণ করতে হবে।</td><td>১. স্থানীয় সরকার বিভাগ<br>২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>২.</td><td>ইনসিনারেশন প্লান্টের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র, ব্যানার, ব্রশিউর, অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর খসড়া বক্তব্য, অডিও ভিজুয়্যাল, ফ্লাইয়ার, কুরআন তেলওয়াত, ভিত্তিপ্রস্তর ফলকের নমুনা, মোনাজাত ও আমন্ত্রিত অতিথির তালিকা ইত্যাদির সংশোধিত খসড়া কপি এবং প্রকল্প এলাকার ম্যাপসহ যাবতীয় তথ্য ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>২. প্রকল্প পরিচালক</td></tr>
<tr><td>৩.</td><td>ইনসিনারেশন প্লান্টের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠান সফলভাবে আয়োজনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন পর্যায়ে একটি কার্যকরী কমিটি গঠন করতে হবে।</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>৪.</td><td>ইনসিনারেশন প্লান্টের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠান সফলভাবে আয়োজনের লক্ষ্যে টেকনিক্যাল সাপোর্টসহ যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়, পরিচালনা ও মনিটরিং করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি সমন্বয় কমিটি গঠন করা যায়:
<table>
<tr><td>(১)</td><td>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>(২)</td><td>যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা)<br>স্থানীয় সরকার বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৩)</td><td>সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৪)</td><td>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৫)</td><td>বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৬)</td><td>জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৭)</td><td>উপসচিব (সিটি কর্পোরেশন-১/২ শাখা)<br>স্থানীয় সরকার বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৮)</td><td>প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৯)</td><td>সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-২ শাখা)<br>স্থানীয় সরকার বিভাগ</td><td>সদস্য-সচিব</td></tr>
</table></td><td>নগর উন্নয়ন অনুবিভাগ,<br>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
<tr><td>৫.</td><td>মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও এসএসএফ-এর সাথে সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে যুগ্মসচিব, নগর উন্নয়ন-৩-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এবং তাকে সহায়তা প্রদানের লক্ষ্যে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে উপসচিব, সিটি কর্পোরেশন-১ এবং সিনিয়র সহকারী সচিব, নগর উন্নয়ন-২ কে মনোনীত করা যায়।</td><td>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
<tr><td>৬.</td><td>অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধিগণসহ আগামী ২০ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে একটি চূড়ান্ত প্রস্তুতিমূলক সভা আয়োজন করতে হবে।</td><td>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
</table>

৭। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
তারিখ: ১০/০৭/২০২৩ খ্রি.
মোঃ তাজুল ইসলাম, এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৬.০০.০০০০.১০৭.১৪.০০৫.২১-**২৮৪**

তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩০ / ১১ জুলাই, ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
০২। মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
০৩। সিনিয়র সচিব/ সচিব, বিদ্যুৎ বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ ভূমি মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
০৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
০৭। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২/৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ
০৮। জেলা প্রশাসক, ঢাকা
০৯। উপসচিব (সিটি কর্পোরেশন-১/২ শাখা), স্থানীয় সরকার বিভাগ
১০। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
১২। প্রোগ্রামার (আইসিটি সেল), স্থানীয় সরকার বিভাগ
১৩। অফিস কপি

১১/০৭/২০২৩

মোহাম্মদ শামীম বেপারী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd